

সীমিত
খাতওয়ারী ডিসেম্বর ২০১৮ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। **সর্বমোট অর্জন।** বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী ডিসেম্বর ২০১৮ মাসে সর্বমোট ১২৮ কোটি ২০ লক্ষ ৪৯ হাজার ৭৭৫ টাকা মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য।** ডিসেম্বর ২০১৮ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ২৬ কোটি ৭৪ লক্ষ ৩১ হাজার টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	বার্শিং হাউজার	৩২০ মিটার	৫,৪০,০০০/০০
২।	চারু	১০০ পিস	২০,০০০/০০
৩।	সিমেন্ট ও টাইলস	১০ বেগ ও ৬০০ পিস	৩৩,০০০/০০
৪।	কাঁকড়া	২৩০ কেজি	২,৩০,০০০/০০
৫।	ডেজার/ব্লাকহেড	০৭ টি	৪,৮০,০০,০০০/০০
৬।	বোট/ট্রাক	০২ টি	১,০০,০০০/০০
৭।	নগদ টাকা	-	১,০০০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	-	-
২।	রামদা/ছুরি/চাপাতি	-	-
মৎস্য সম্পদ			
১।	কারেন্ট জাল	১,০৫,৭৭,২৫০ মিটার	৩৭,০২,০৩,৭৫০/০০
২।	বেহন্দি/মশারি জাল	৫৮৮ পিস	৩,০০,৫০,০০০/০০
৩।	অন্যান্য জাল	৬৬,৯৭,৯১৫ মিটার	৬১,১২,৯২,৫২৫/০০
৪।	জাটকা	২,০৯০ কেজি	৬,৪২,৫০০/০০
৫।	রেনু পোনা	১২,০০,০০০ কেজি	২৪,০০,০০০/০০
৬।	বোট	০১ টি	৩০,০০০/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৩,৯৩,০৭৭ পিস	১৯,৬৫,৩৮,৫০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	৬৭২ বোতল/ক্যান	৩,৮৪,০০০/০০
৩।	সিএনজি	০১ টি	৪,৬০,০০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	৪৫৮ ঘনফুট	৮,৯৮,০০০/০০
২।	বোট	০১ টি	২০,০০,০০০/০০
পরিবশে রক্ষা			
১।	তক্ষক	০২ টি	১,৮০,০০,০০০/০০
২।	পলিথিলিন	১,৫১০ কেজি	২,২৬,৫০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	০৪ জন	-
উদ্ধার অভিযান			
১।	মৃত দেহ উদ্ধার	০১ টি	
সর্বমোট			১২৮,২০,৪৯,৭৭৫/০০

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মৎস্য সম্পদ রক্ষা অভিযানে ডিসেম্বর ২০১৮ মাসে সর্বমোট ১০১ কোটি ৪৬ লক্ষ ১৮ হাজার ৭৭৫ টাকার ১,০৫,৭৭,২৫০ মিটার কারেন্ট জাল, ৬৬,৯৭,৯১৫ মিটার অন্যান্য জাল, ২,০৯০ কেজি জাটকা, ৫৮৮ পিস বেহন্দি/মশারি জাল, ১২,০০,০০০ কেজি রেনু পোনা ও ০১ টি বোট আটক করা হয়।

সীমিত

৪। রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ। মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন রয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। ডিসেম্বর ২০১৮ মাসে অত্র বাহিনী কর্তৃক অবৈধভাবে বাংলাদেশে অনুপ্রবেশকালে কোন ব্যক্তিকে আটক/ ফেরত পাঠানো হয়নি।

৫। বিশেষ অভিযান। গত ২৩ ডিসেম্বর ২০১৮ তারিখে বিসিজি স্টেশান কালিগঞ্জ গোপন সংবাদের মাধ্যমে মেহেন্দীগঞ্জ থানাধীন মেঘনা নদীর মল্লিকপুর এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে ০৩ জন চাঁদাবাজসহ ও ০১ টি ইঞ্জিন চালিত বোট আটক করা হয়। পরবর্তীতে আটককৃত চাঁদাবাজ ও মালামাল মেহেন্দীগঞ্জ থানায় হস্তান্তর করা হয়।

৬। একাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০১৮। গত ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখে উৎসবমুখর ও শান্তিপূর্ণভাবে একাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০১৮ অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্নের লক্ষ্যে বাংলাদেশ সরকার কর্তৃক অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি বাংলাদেশ কোস্ট গার্ডকেও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী হিসেবে মোতায়েন করা হয়। বাংলাদেশ কোস্ট গার্ড দায়িত্বাধীন ০৭ টি উপকূলীয় জেলার ১২ টি উপজেলার সর্বমোট ৪৩ টি ইউনিয়নে রিটার্নিং অফিসারের অধীনে বিভিন্ন ধরনের টহলের মাধ্যমে প্রত্যক্ষভাবে আইন-শৃঙ্খলা রক্ষার কাজে মোবাইল/স্ট্রাইকিং ফোর্সের দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করে এবং পরবর্তীতে ভোট গ্রহণ শেষে ভোট গণনার সহায়তাকল্পে বিভিন্ন এলাকায় নিরাপত্তা প্রদানসহ রিটার্নিং অফিসারের চাহিদা মোতাবেক বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে। কোস্ট গার্ড প্লাটুনসমূহ নদীপথে ব্যালটবক্স রিটার্নিং অফিসারের অফিস এ পৌঁছে দেওয়া পর্যন্ত সহায়তা করেছে। এছাড়াও নিরবিচ্ছিন্ন টহল এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি রক্ষার্থে দ্রুত ব্যবস্থা গ্রহণে কোস্ট গার্ডের উপর জনগণের আস্থা লক্ষ্য করা যায়। নির্বাচনকালীন দায়িত্বাধীন এলাকার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ছিল।

৭। অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান। ডিসেম্বর ২০১৮ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।